বিষয় কোড : ১১২

# জেএসসি পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল প্রশ্ন)

**সময়: ২ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

[দ্রষ্টব্য:- প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। বিকাশবাবু একজন দরিদ্র কৃষক। কিন্তু তিনি অত্যন্ত ধার্মিক ও জীবের প্রতি দয়াশীল। তিনি জীবকে শিবজ্ঞানে সেবা করে প্রশান্তি লাভ করেন। কিছুদিন আগে মেয়ের বিয়ে দিতে গিয়ে তিনি চরম আর্থিক সংকটে পড়েন এবং মন্দিরে গিয়ে তার বিপদ দূর করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা জানান।

ক. ঈশ্বর শব্দের অর্থ কী? ১
খ. ঈশ্বরের স্বরূপ ব্যাখ্যা কর? ২
গ. ঈশ্বর কোন রূপে বিকাশ বাবুকে সাহায্য করতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিকাশ বাবুর ঈশ্বর জ্ঞানে জীবসেবা করা কতটা যৌক্তিক- মূল্যায়ন কর। ৪

২। রমাদের বাড়িতে প্রতি বছর ভাদ্র মাসে একজন বিশেষ দেবীর পূজা করা হয়। তাদের পরিবারের সবাইকে সাপের প্রকোপ থেকে রক্ষা করতেই তারা এ দেবীর উদ্দেশ্যে পূজা অর্চনা করে এবং পরিবারের সুখ সমৃদ্ধির উদ্দেশ্যে তার নিকট প্রার্থনা জানায়।

ক. কোন দেবীকে সর্পকূলের জননী বলে? ১
খ. দেবদেবীর পূজা কেন করা হয় ? ব্যাখ্যা কর। ২
গ. রমাদের বাড়িতে কোন দেবীর পূজা করা হয় তার রূপ ও পরিচয় বর্ণনা কর। ৩
ঘ. রমাদের পরিবার তথা গোটা সমাজে শান্তির জন্য উক্ত দেবীর পূজার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। নিচের ছকটি ভালো করে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

ক. 'বেদ' কার বাণী? ১

Copyright Md Shah Jamal

খ. মর্তলোকের দেবতা সম্পর্কে ব্যাখ্যা দাও। ২

গ. বৈদিক দেবতারা তোমার জীবনকে কীভাবে প্রভাবিত করে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বৈদিক দেবতাদের বিষয়বস্তু বিশ্লেষণ কর। ৪

৪। ঐশিকের বাবা প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে যোগাসন অনুশীলন করেন। একদিন ঐশিক তার বাবাকে বলে, বাবা এসব আসন অনুশীলন করলে কী হয়? উত্তরে তার বাবা বলেন, দেহকে নীরোগ ও মনকে শান্ত রাখার জন্য নিয়মিত যোগাসন অনুশীলন করা অবশ্য কর্তব্য তিনি বিভিন্ন আসনের উপকারীতা সম্পর্কে বলেন। । ঐশিক তার বাবার কথা শুনে বিভিন্ন রকমের আসন অনুশীলন করার চেষ্টা করে এবং সুফল পায়।

ক. 'ভুজঙ্গ' শব্দের অর্থ কী? ১

খ. নিত্যকর্ম অনুশীলনে জাগতিক ও পারমার্থিক মঙ্গল হয় ব্যাখ্যা কর। ২

গ. ভুজঙ্গাসন কীভাবে অনুশীলন করতে হয় ব্যাখ্যা কর। ৩

ঘ. "দেহকে নীরোগ ও মনকে শান্ত রাখার জন্য নিয়মিত যোগাসন অনুশীলন করা অবশ্য কর্তব্য" - কথাটি আলোচনা কর। ৪

৫। মৃন্ময় তার মায়ের সঙ্গে গ্রামে অনুষ্ঠিত শ্রীশ্রীঅনুকূল ঠাকুরের জন্ম জয়ন্তি উপলক্ষ্যে এক ধর্মীয় সভায় যোগ দেন। সভায় বক্তারা অনুকূল ঠাকুর ও সৎসঙ্গ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেন। ঠাকুরের কিছু কিছু দিক তুলে ধরে একবক্তা বলেন, আর্থিক অনটন থাকা সত্ত্বেও ঠাকুর তাঁর প্রবেশিকা পরীক্ষার ফি অন্যজনকে দিয়ে দেন। এসব কথা শুনে মৃন্ময়ের মনেও গরীবদের সেবা করার অনুপ্রেরণা জাগে।

ক. শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্র কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ. সৎসঙ্গ বলতে কী বোঝ? ২

গ. ঠাকুর অনুকূল চন্দ্রের জীবনী থেকে তুমি এলাকার গরীবদের সাহায্য করার জন্য কীভাবে উদ্বুদ্ধ করবে? ৩

ঘ. 'সৎসঙ্গ শ্রেষ্ঠ সঙ্গ' - তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৬। সুষমার অল্প বয়সে বিয়ে হয়ে যায়। তাই উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেওয়া তার হয়নি। ছেলের উৎসাহে এখন তিনি তার স্বপ্ন বাস্তবায়নে আগ্রহী হয়। সন্তান তুল্য সহপাঠীদের সাথে পাঠ গ্রহণ করে স্বামী ও শ্বশুরবাড়ির লোকদের বিদ্রুপ ও পাড়া প্রতিবেশীদের ঠাট্টা উপেক্ষা করে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়। এতে তিনি প্রমাণ করেন চেষ্টা করলে সাফল্য লাভ সম্ভব।

ক. নিষাদদের রাজা কে? ১

খ. অধ্যাবসায় বলতে কী বোঝ? ২

গ. সুষমা অধ্যাবসায়ী একলব্যকে কীভাবে অনুসরণ করেছে তা আলোচনা কর। ৩

ঘ. "জীবনে সাফল্য লাভের মূলমন্ত্র অধ্যাবসায়" - কথাটি মূল্যায়ণ কর। ৪

Copyright Md Shah Jamal

৭। বিভাস বাবু গোপালগঞ্জের ওড়াকান্দি এলাকার অধিবাসী। তিনি মতুয়াবাদে বিশ্বাসী। তিনি সংসার ধর্ম পালনের পাশাপাশি হরিনাম সংকীর্তন করেন। এলাকার ধর্মপরায়ণ ব্যক্তি হিসাবে তার বেশ সুনাম রয়েছে। তিনি সবাইকে হরিনামে উদ্বুদ্ধ করেন এবং যথাযথ ভাবে সাংসারিক দায়িত্ব পালনের জন্য সবাইকে পরামর্শ দেন।

ক. শ্রীশ্রীহরিচাঁদ ঠাকুর কত সালে জন্মগ্রহণ করেন? ১
খ. হরিচাঁদ ঠাকুরের অনুসারীদের 'মতুয়া' বলার কারণ ব্যাখ্যা কর। ২
গ. বিভাস বাবুর অনুসরণীয় সম্প্রদায়টির উদ্দেশ্য বর্ণনা কর। ৩
ঘ. ব্যক্তি ও সমাজ জীবনে হরিচাঁদ ঠাকুরের শিক্ষার প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮। শ্রীকৃষ্ণ গীতায় বলেছেন-

ধর্মে গ্লানি,অধর্মে হয় যবে বাড়
হেন কালে জন্ম মোর জান তত্ত্বসার।
দুষ্টের বিনাশ আর সাধুর রক্ষণে
যুগে যুগে জন্মি আমি ধর্মসংস্থাপনে।। ৪/৭-৮

ক. কংসের পিতার নাম কী? ১
খ. শ্রীকৃষ্ণ শিশুপালকে কেন বধ করেন? ২
গ. পৃথিবীতে শ্রীকৃষ্ণের আবির্ভাব হওয়ার কারণ বর্ণনা কর। ৩
ঘ. "শ্রীকৃষ্ণ কর্তৃক কংস বধ ছিল অবশ্যম্ভাবী"- মন্তব্যটির সার্থকতা বিচার কর। ৪

৯। নিখিল একদিন অফিস থেকে বাসায় আসার পথে রাস্তায় একটি মানিব্যাগ পায়। মানিব্যাগে প্রায় পাঁচ হাজার টাকা ও আরও অনেক প্রয়োজনীয় জিনিস ছিল। নিখিলের টাকার অনেক প্রয়াজন ছিল। সে কারণে ভাবল মানিব্যাটা রেখে দেবে কিন্তু পরক্ষনেই তার বাবার উপদেশ মনে পড়ল। তাই সে নিজে পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে যার মানিব্যাগ তাকে ফিরিয়ে দিল।

ক. 'দম' কথাটির অর্থ কী? ১
খ. 'সংযম' বলতে কী বোঝ? ২
গ. জীবনে সংযমের প্রয়াজনীয়তা সম্পর্কে আলোচনা কর। ৩
ঘ. নিখিলের মতো মানুষ সমাজ জীবনে অপরিহার্য হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

Copyright Md Shah Jamal

# জেএসসি পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

**বিষয়: হিন্দু ও নৈতিক শিক্ষা [বহুনির্বাচনি]**

বিষয় কোড : ১১২

সময়: ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সঠিক উত্তরটি খাতায় লেখ। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'ব্রহ্ম' শব্দের অর্থ কী?
ক. পৃথিবী খ. বৃহৎ
গ. মহান ঘ. উদার

২. ঈশ্বরের কোনো গুণ বা শক্তি যখন প্রকাশ পায় তখন তাকে কী বলে?
ক. দেবতা খ. পুরোহিত
গ. যোগী ঘ. ঋষি

৩. ভক্তের নিকট ঈশ্বর যেরূপে আবির্ভূত হয়ে থাকেন?
ক. পুরোহিত খ. যোগী
গ. সন্যাস ঘ. ভগবান

৪. কোন উপনিষদে যম ও নচিকেতার উপাখ্যানের মাধ্যম আত্মতত্ত্ব আলোচিত হয়েছে?
ক. শ্বেতাশ্বতর উপনিষদ খ. কেনোপনিষদ
গ. কঠোপনিষদ ঘ. ঈশোপনিষদ

৫. যজুর্বেদের বর্ণনীয় বিষয় কী?
ক. ধ্যান খ. আরাধনা
গ. যজ্ঞ ঘ. যোগাসন

৬. যিনি নিজ দৃষ্টিকোণ থেকে ঈশ্বরের স্বরূপ উপলব্ধি ও ব্যাখ্যা করেন-
i. জ্ঞানী
ii. যোগী
iii ভক্ত
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৭. অবতার হলেন-
i. যিনি দুষ্টের দমন করেন
ii. যিনি শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য পৃথিবীতে নেমে আসেন
iii. যিনি রঙ্গলীলা সাঙ্গ করেন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ে নিচের ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:
বিধান সমাজের সকল অন্যায়ের বিরুদ্ধে সবসময় রুখে দাঁড়ায়। তার সমাজের কোনো বিশৃঙ্খলতাকে সে প্রশ্রয় দেয় না। সে এ জ্ঞানটুকু ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে অর্জন করেছে।

৮. বিধান কোন ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে উক্ত জ্ঞান অর্জন করেছে?
ক. চণ্ডী খ. শ্রীমদ্ভগবত
গ. শ্রীমদ্ভগবদ্গীতা ঘ. মহাভারত

৯. উক্ত ধর্মগ্রন্থের জ্ঞানের আলোকে মোক্ষলাভ করা যেতে পারে-
i. ফলশূন্য হয়ে কর্ম করে
ii. ঈশ্বরকে সবকিছু সমর্পণ করে
iii. কামনা বাসনা যুক্ত কর্ম করে
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও ii
গ. i ও iii ঘ. i, ii ও iii

১০. গীতা কিসের এক অপূর্ব সমন্বয়?
i. জ্ঞান ii. কর্ম
iii. ভক্তিযোগ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১১. ধর্মের সাধারণ লক্ষণ কয়টি?
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭

১২. বেদাঙ্গের অন্যতম অঙ্গ কোনটি?
ক. কল্প খ. ছন্দ
গ. শিক্ষা ঘ. নিরুক্ত

১৩. হিন্দুধর্মের মতে যুগ কয়টি?
ক. ২টি খ. ৪টি
গ. ৬টি ঘ. ৮টি

১৪. ব্যাধের পেশা ছিল-
ক. মাংস বিক্রি খ. মাছ বিক্রি
গ. দুগ্ধ বিক্রি ঘ. ঘৃত বিক্রি

১৫. শিবের আরবিনার রাত্রিটি যে ব্রত হিসেবে পরিচিত-
ক. অযাচিত ব্রত খ. যাচিত ব্রত
গ. শিবরাত্রি ব্রহ ঘ. জন্মাষ্টমী ব্রত

১৬. স্মৃতিশাস্ত্রের যা মেনে চললে ধর্মাধর্ম নির্ণয় করা সহজ হয়-
i. নিয়ম
ii. নির্দেশ
iii. বিধিবিধান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

Copyright Md Shah Jamal

১৭. কোন সময়ে আধ্যাত্মিক কার্যকলাপ অনুষ্ঠানের ফল অনেক বেশি?
ক. প্রাতঃ খ. পূর্বাহ্ন
গ. মধ্যাহ্ন ঘ. অপরাহ্ন

১৮. যোগাসন অনুশীলনের পর বিশ্রাম নিতে হয়-
ক. সুখাসনে খ. শবাসনে
গ. ভদ্রাসনে ঘ. বীরাসনে

১৯. কোনটির দ্বারা শুভকর্মের ফল সর্বদাই প্রত্যক্ষ করা যায়?
ক. ধ্যান খ. যজ্ঞ
গ. নিত্যকর্ম ঘ. অনিত্যকর্ম

২০. নমস্কার কিসের প্রতীক?
ক. বিফলতার খ. বিনম্রতার
গ. বিলক্ষণতার ঘ. বিলকুলতার

২১. 'পূজা' মানে কী?
ক. বিনয় প্রকাশ খ. শ্রদ্ধাজ্ঞাপন
গ. পুষ্পবর্ষণ ঘ. পত্রবর্ষণ

২২. শ্রীহরিচাঁদ ঠাকুর কত বছর বয়সে ইহলীলা সংবরণ করেন?
ক. ৬৩ বছর খ. ৬৪ বছর
গ. ৬৬ বছর ঘ. ৬৭ বছর

২৩. 'হলুদ' কোন দেবীর প্রতীক?
ক. সরস্বতী খ. লক্ষী
গ. কালী ঘ. দূর্গা

২৪. শনিপূজায় কয়ধরনের ফুল ও ফল নিবেদন করা হয়?
ক. ৫ খ. ৭
গ. ৯ ঘ. ১১

২৫. শালগ্রাম শীলা বলতে যা বোঝ?
ক. এক প্রকার পাতা খ. একপ্রকার গাছ
গ. একপ্রকার পাথর ঘ. এক প্রকার সামুদ্রিক জীবাশ্ম

২৬. সহস্র নাম অনুসারে বিষ্ণুর ২৪৫তম নাম কী?
ক. উমাচরণ খ. নারায়ণ
গ. হরিচাঁদ ঘ. শ্রীরামকৃষ্ণ

২৭. কার্তবীর্যার্জুন কোন বংশীয় রাজা ছিলেন?
ক. সূর্য বংশীয় খ. পাল বংশীয়
গ. চন্দ্র বংশীয় ঘ. সেন বংশীয়

২৮. একলব্য কার নিকট অস্ত্রবিদ্যা শিখতে গিয়েছিলেন?
ক. শ্রীকৃষ্ণের খ. পুলস্ত্যের
গ. ধৃতরাষ্ট্রের ঘ. দ্রোণাচার্যের

২৯. কংসের পিতার নাম কী?
ক. উগ্রসেন খ. শান্তনু
গ. মহাসেন ঘ. ভীস্ম

৩০. শ্রীকৃষ্ণ শিশুপালের কতটি অপরাধ ক্ষমা করেছিলেন?
ক. ৩০ খ. ৮০
গ. ১০০ ঘ. ১২০

৩১. "দল নাই যার, বল নাই তার"- এটা কার উক্তি?
ক. শ্রীকৃষ্ণ খ. শ্রীরাম
গ. শ্রীচৈতন্য ঘ. শ্রীহরিচাঁদ

৩২. স্বামী বিবেকানন্দ কত খ্রীস্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক. ১৮৬৩ খ. ১৮৭৪
গ. ১৯০৬ ঘ. ১৮৮০

৩৩. ঠাকুর নিগমান্দ কোন রহস্য জানতে চাইলেন?
ক. স্ত্রীর ছায়ামূর্তি খ. মায়ের ছায়ামূর্তি
গ. দাদামশাইয়ের ছায়ামূর্তি ঘ. বাবার ছায়ামূর্তি

৩৪. ঠাকুর অনুকূলচন্দ্র কোথায় সৎসঙ্গ আশ্রম গঠন করেন?
ক. কলকাতায় খ. পাবনায়
গ. হিমাইতপুর ঘ. ঢাকায়

৩৫. 'কনখল' আশ্রমটি কোথায় প্রতিষ্ঠিত?
ক. হরিদ্বার খ. বৃন্দাবনে
গ. কাশীধামে ঘ. গয়ায়

৩৬. 'ইসকন' কে প্রতিষ্ঠান করেন?
ক. শ্রীকৃষ্ণ খ. প্রভুপাদ
গ. শ্রীহরিচাঁদ ঘ. ঠাকুর নিগমানন্দ

৩৭. 'এইডস্' রোগের ভাইরাসের নাম কী?
ক. HIV খ. HiCl
গ. NIPA ঘ. BBS

৩৮. শ্রীধরের ভালো হওয়ার পিছনে মূল কারণ কী?
ক. সৎসঙ্গ খ. মিত্রতা
গ. উদারতা ঘ. ভালোবাসা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাওঃ**

প্রলয় একটি কলেজে পড়ে এবং থাকে কলেজ হোস্টেলে। অবাধ স্বাধীনতা পেয়ে তার নৈতিক আচরণে অবনতি ঘটেছে। সে ধূমপান করে, মাঝে মাঝে মদ্য পান করে। facebook-এ জঘন্য মন্তব্য করতেও বাধে না।

৩৯. প্রলয়ের আচরণে কোন বিষয়টির অভাব পরিলক্ষিত হয়?
ক. নৈতিক মূল্যবোধ খ. আত্মসম্মানের
গ. মর্যাদার ঘ. উদারতার

৪০. স্বাভাবিক জীবনে ফিরে আসতে চাইলে তাকে-
i. খারাপ অভ্যাসগুলোকে ত্যাগ করতে হবে
ii. নৈতিক শিক্ষা গ্রহণ করতে হবে
iii. নৈতিকতাবোধে উদ্বুদ্ধ হতে হবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

Copyright Md Shah Jamal